



## ময়মনসিংহ সিটি কর্পোরেশন

স্থাপিতঃ ১৪ অক্টোবর ২০১৮ খ্রি:

(প্রশাসন বিভাগ)

ময়মনসিংহ।

[www.mcc.gov.bd](http://www.mcc.gov.bd)

উচ্চায়নের মণ্ডত্ব  
শেখ হাসিনার মূলমন্ত্র

### ময়মনসিংহ সিটি কর্পোরেশন পরিষদের নভেম্বর-২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ জনাব মোঃ ইকরামুল হক টিটু, মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
সভার স্থান	ঃ শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	ঃ ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রি।
সময়	ঃ বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	ঃ পরিষিষ্ঠ - 'ক' দ্রষ্টব্য

সভাপতি মহোদয় সভায় উপস্থিতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে নভেম্বর-২০১৯ মাসের মাসিক সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অক্টোবর-২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ আলোচনা	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের গত ২৯ অক্টোবর-২০১৯ তারিখে অনুষ্ঠিত অক্টোবর মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাতে কেন সংশোধনী/সংযোজনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	২৯ অক্টোবর-২০১৯ তারিখে অনুষ্ঠিত অক্টোবর মাসের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	প্রান্তিক/সচিব
২.	মুজিববর্ষ-২০২০ পালন সম্পর্কে আলোচনা	মুজিববর্ষ-২০২০ পালন সম্পর্কিত আলোচনায় প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিক সভায় জনাব যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ১৭ই মার্চ ২০২০ খ্রি: শুরু হয়ে ১৭ই মার্চ ২০২১ খ্রি: শেষ হবে। মাননীয় প্রধানমন্ত্রী এই সময়কালকে মুজিববর্ষ ২০২০ হিসেবে ঘোষণা করেছেন। যথাযোগ্য মর্যাদায় এবং স্বতঃস্ফূর্তির মধ্যে বছরব্যাপী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর এই উৎসব পালিত হবে। জন্মশতবার্ষিকী উদ্যাপনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি জাতির সম্মান ও শৌক্ত প্রদর্শনের উদ্যোগ নেয়া হয়েছে। মুজিববর্ষকে কেন্দ্র করে অত্র সিটি কর্পোরেশনে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আগামী ১০ জানুয়ারি ২০২০ খ্রি: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক তেজগাঁও ও জাতীয় প্যারেড ক্ষয়ারে ক্ষণগণনার (Count-down) শুভ উদ্বোধনের সাথে সাথে ময়মনসিংহ সিটি কর্পোরেশন কর্তৃক নগরীর টাউন হল মোড়ে সৈয়দ নজরুল ইসলাম ক্ষয়ারে স্থাপিত ক্ষণগণনার ডিভাইসটি সারা দেশের ন্যায় একযোগে চালু হবে। তাই একাদিনটিকে উৎসবমূখ্যসহ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।	১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্যাপন উপলক্ষে উদ্বোধন অনুষ্ঠানকে লক্ষ্য রেখে ক্ষণগণনার (count-down) ডিভাইসটি ক্ষণনাবেক্ষনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	১) সচিব, মসিক

২)	আগামী ১০ জানুয়ারি, ২০২০ খ্রি: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক তেজগাঁও ও জাতীয় প্যারেড ক্ষয়ারে ক্ষণগণনার (Count- down) শুভ উদ্বোধনের সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানটি সুষ্ঠু ও সুন্দর ভাবে উপভোগকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের জন্য প্রয়োজনীয় কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।	২) প্রান্তিক/সচিব মসিক
----	---	---------------------------

সভাপতি মহোদয় বলেন যে, বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে একটি অনন্য নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি এবং স্বাধীন বাংলাদেশের স্বাধীন হয়েছিল। তিনি সব সময় জাতির কল্যানেই কাজ করে গেছেন। সমস্ত জাতিকে তিনি মুক্তি ও স্বাধীনতার চেতনায় প্রক্রিয়াক ও উদ্বৃক্ত করেছিলেন। তার আত্মত্যাগ জাতিকে মহান মর্যাদায় অধিষ্ঠিত করেছে। তাই আজও

	<p>তিনি দেশপ্রেমিক প্রতিটি বাস্তিলির হস্তয়ে চির অঙ্গান হয়ে রয়েছেন। তিনি আরোও বলেন যে, আগামী ১০ জানুয়ারি ২০২০ খ্রিঃ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী তেজগাঁও জাতীয় প্যারেড ক্ষয়ারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর ক্ষণগণনার (Count- down) শুভ উদ্বোধন করবেন। মুজিববর্ষের ক্ষণগণনার সরাসরি সম্প্রচারিত উক্ত উদ্বোধনী অনুষ্ঠান অত্র সিটি কর্পোরেশন কর্তৃক সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়াও অনুষ্ঠান শেষে সাংকৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হবে। আগামী ১০ জানুয়ারী-২০২০ খ্রিঃ কে সামনে রেখে ব্যপক প্রস্তুতির প্রয়োজন রয়েছে। এ লক্ষ্যে বিভিন্ন সংস্থা ও বিভাগের সাথে সমন্বয়ের লক্ষ্যে মতবিনিময় সভার প্রয়োজন রয়েছে। এবিষয়ে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিককে অনুরোধ করেন। এছাড়াও, ক্ষণগণনার অনুষ্ঠানটি সুন্দর ও সফল করার জন্য প্রয়োজনীয় কমিটি গঠনের আহ্বান জানান।</p> <p>বিস্তারিত আলোচনাতে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>৩) আগামী ১০ জানুয়ারী- ২০২০ খ্রিঃ কে সামনে রেখে ব্যপক প্রস্তুতির প্রয়োজন লক্ষ্যে বিভিন্ন সংস্থা ও বিভাগের সাথে সমন্বয়ের জন্য মতবিনিময় সভার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>৩) প্রনিক/সচিব মসিক</p>	
৩.	<p>সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সম্পর্কিত আলোচনা</p> <p>প্রকৌশল বিভাগ</p>	<p>জনাব মোঃ রফিকুল ইসলাম মিএঞ্চা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মসিক সভায় জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন ওয়ার্ডে এতিপী এর অর্থায়নে এটি প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইতিমধ্যে ২টি প্রকল্পের কাজ শেষ হয়েছে। এছাড়া উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ৭৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্প সমূহের কাজ বাস্তবায়নের লক্ষ্যে ঠিকাদারের সাথে চুক্তিপত্র সম্পাদনের কাজ প্রক্রিয়াবীন রয়েছে। প্রকৌশল বিভাগের আলোচনাতে সম্মানিত কাউন্সিলর জনাব সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু, ৬নং ওয়ার্ড সভায় বলেন যে, বর্তমানে যানজটের কারনে রাস্তা দিয়ে চলাচল করা কঠিন হয়ে পড়েছে। জনগনের চরম ভোগান্তি হচ্ছে। তাই খাগড়হর অথবা তিনি কোনা পুরুর পাড় হতে মিন্টু কলেজ গেইট পর্যন্ত রেল লাইন এর পাশ দিয়ে অতিবাহিত খড় খড় রাস্তাসমূহ একত্রিত করে বাইপাস সড়ক নির্মাণ করা হলে যানজট অনেকাংশে মুক্ত হবে। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ফারুক হাসান, ৮নং ওয়ার্ড উক্ত প্রস্তাব সমর্থন করে বলেন যে, মেয়ার মহোদয়ের পরিকল্পনা মোতাবেক সিটি কর্পোরেশন কর্তৃক যে ফুটপাত তৈরী করা হয়েছে, ফুটপাতের উপর দোকানদারো তাদের দোকানের সাইন বোর্ড রেখে দেয়ার কারনে উক্ত ফুটপাত সমূহ দিয়ে জনসাধারণ চলাচল করতে পারছে না। ফুটপাত দিয়ে মানুষ যেন স্থাভাবিক ভাবে চলাচল করতে পারে সে লক্ষ্যে ভাগ্যমান আদালত পরিচালনার মাধ্যমে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ তাজুল আলম, ১০নং ওয়ার্ড, জনাব সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু সাহেবের প্রস্তাব সমর্থন করে বলেন যে, ময়মনসিংহ শহরের নতুন বাজার একটি ঐতিহ্যবাহী বাজার হিসেবে পরিচিত। অসংখ্য মানুষ প্রতিদিন উক্ত বাজারে তাদের দৈনন্দিন কেনাকাটা করতে আসেন। কিন্তু তাদের জরুরী ওয়াশ রংমের প্রয়োজন হলে বাজারে কোন ওয়াশ রংমের ব্যবস্থা না থাকায় অনেককেই বিব্রতকর অবস্থায় পরতে হয়। তিনি জনসাধারণের চাহিদার কথা বিবেচনা করে উক্ত বাজারের পার্শ্বে একটি পাবলিক</p>	<p>১) জনগুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প তালিকা জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১) সম্মানিত কাউন্সিলর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী,মসিক</p>
		<p>২) সিটি কর্পোরেশন এলাকায় গুরুত্বপূর্ণ মোড়সমূহ প্রস্তুকরণের লক্ষ্যে পরিমাপ করে বর্তমান বাস্তব অবস্থার প্রতিবেদন তৈরীর সিদ্ধান্ত হয়।</p>	<p>২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী,মসিক</p>	

টয়লেট নির্মাণের প্রস্তব করেন।

সম্মানিত কাউন্সিলর জনাব মাহবুব আলম হেলাল, ১৫ নং ওয়ার্ড, সভায় বলেন যে, সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন রাস্তাঘাট অপ্রশস্ত থাকায় ব্যাটারী চালিত অটোর কারণে যানজট সৃষ্টি হচ্ছে। লক্ষ্য করলে দেখা যায় যে, রাস্তায় লাল ও সবুজ রঙের অটোবাইক একই দিনে চলাচল করছে। পূর্বের ন্যায় এক দিন করে রাস্তায় লাল ও সবুজ রঙের অটোবাইক চলার ব্যবস্থা গ্রহণ করা হলে যানজট কিছুটা হ্রাস পাবে। তিনি চরপাড়া মোড় থেকে দিঘারকান্দা বাইপাস পর্যন্ত রাস্তায় সড়কবাতি স্থাপনের জন্য মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ফজলুল হক, ১৪নং ওয়ার্ড সভায় জানান যে, চরপাড়া-নয়াপাড়া রাস্তাটি দীর্ঘদিন যাবত মেকাডম করে রাখা হলেও যথাসময়ে কাজ সমাপ্ত করা হচ্ছে না। তিনি জনগণের চাহিদার বিষয়টি বিবেচনায় নিয়ে ১৪নং ওয়ার্ডের অসমাপ্ত কাজগুলি দ্রুত সম্পন্নকরণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব ফরহাদ আলম, ১১নং ওয়ার্ড সভায় জানান যে, মাননীয় মেয়র মহোদয়ের পরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণের কারণে সিটির নাগরিকবৃন্দ অত্যন্ত আনন্দিত। তার নেতৃত্বে সিটি কর্পোরেশনের উন্নয়ন কার্যক্রম সুষ্ঠু ভাবে এগিয়ে চলছে। তিনি নওমহল মাকরজানি খালের উপর কালভার্ট দ্রুত নির্মাণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ শরিফুল ইসলাম, ৩নং ওয়ার্ড সভায় জানান যে, হামিদ উদ্দিন রোডে দ্রেনে পাইপ লাইন বসানোর কাজটি শুরু করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত সংরক্ষিত আসনের কাউন্সিলর জনাব শামীমা আজগার, ১৯, ২০ ও ২১নং ওয়ার্ড সভায় জানান যে, বলাশপুর উত্তরপাড়া পুকুরের গাইড ওয়াল ডেপ্লে যাওয়ায় জনসাধারনের চলাচল করা অসুবিধা হচ্ছে। গাইড ওয়ালটি মেরামত না করলে আশেপাশের বাড়ীগুলির ধসে যাবে। আশেপাশের বাড়ি ঘর বন্ধ এবং জনসাধারনের চলাচলের সুবিধার্থে উক্ত গাইড ওয়াল নির্মাণ করা প্রয়োজন। সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ নিয়াজ মোর্শেদ, ৫নং ওয়ার্ড সভায় জানান যে, সানকি পাড়া থেকে কলেজ রোড মোড় পর্যন্ত রাস্তায় দ্রেন না থাকায় সামান্য বৃষ্টি হলেই জনসাধারনের চলাচল করতে অসুবিধা হয়। উক্ত রাস্তা দিয়ে স্কুল কলেজের অসংখ্য ছাত্রছাত্রীও যাতায়াত করে থাকে। তিনি উক্ত কাজটি দ্রুত সম্পন্ন করার জন্য মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ শফিকুল ইসলাম, ২৬ নং ওয়ার্ড - তার ওয়ার্ডে অবস্থিত ঢাকা ময়মনসিংহ মহাসড়কের রাস্তায় উন্নত মানের সড়ক বাতির ব্যবস্থা করায় মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি আরোও বলেন যে, নিয়ম অনুসারে সারিবদ্ধ ভাবে অটোবাইকসহ অন্যান্য পাড়িগুলো চলাচল করলে যানজট সহনিয় পর্যায়ে নিয়ে আসা সম্ভব হবে। আইন অমান্য করে কেউ গাড়ী চালালে মোবাইল কোর্টের মাধ্যমে ড্রাইভারের বিরুদ্ধে জরিমানাসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি জানান যে, বর্ধিত এলাকার রাস্তাঘাট উন্নয়ন হলে পুরাতন শহরে চাপ করে আসবে। তাই বর্ধিত এলাকায় উন্নয়ন থকল গ্রহণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ এমদাদুল হক

৩) চলমান কাজসমূহ  
গুণগতমান বজায় রেখে দ্রুত  
সমাপ্ত করণের জন্য সিদ্ধান্ত  
হয়।

৪) প্রতিটি ওয়ার্ডে চলমান  
কাজসমূহ মনিটরিং এর জন্য  
সম্মানিত কাউন্সিলরগণকে  
অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত  
হয়।

৩) তড়াবধায়ক  
প্রকৌশলী, মসিক

৪) সম্মানিত  
কাউন্সিলর, মসিক

মঙ্গল, ৩২নং ওয়ার্ড সভায় জানান যে, তার ওয়ার্ডের রাস্তাগুলি কাঁচা। সাম্প্রতিক বন্যায় রাস্তা ভেঙে গিয়ে অনেক স্থানে গর্ত তৈরী হয়েছে। এর ফলে রাস্তা দিয়ে জনসাধারনের চলাচলে দারকন অসুবিধা হচ্ছে। রাস্তায় মাটি ফেলে গর্ত ভরাট করে জনসাধারনের চলাচলের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি জোর দাবী জানান। তছাড়া চায়না মোড় থেকে পাওয়ার ষ্টেশন হয়ে গোদারাঘাট পর্যন্ত রাস্তায় দ্রেন তৈরী, শম্ভুগঞ্জ জুটমিল গেইট পর্যন্ত রাস্তায় সড়কবাতির ব্যবস্থা করা হলে রাতের বেলা জনসাধারনের চলাচলের সুবিধা হবে মর্মেও অবহিত করে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউপিলর জনাব মোঃ শাজাহান, ৩৩নং ওয়ার্ড - শম্ভুগঞ্জ রেলক্রসিং থেকে রঘুরামপুর পর্যন্ত রাস্তাটি পরিদর্শন পূর্বক মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউপিলর জনাব মোঃ দেলোয়ার হোসেন, ১৩নং ওয়ার্ড সভায় জানান যে, সিকদার বাড়ী এলাকায় বিল্লাল সরকার এর লোকজন দ্রেনের উপর ঘর তৈরী করে ভাড়া দিচ্ছে। ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে অবৈধ স্থাপনাসমূহ ভেঙে দেওয়ার জন্য তিনি দাবি জানান। সম্মানিত কাউপিলর জনাব কামাল খান, ১৭নং ওয়ার্ড সভায় জানান যে, প্রাচীন শহর সদ্য সিটি কর্পোরেশন হয়েছে। মেয়র মহোদয়ের নেতৃত্বে দ্রুত সময়ের মধ্যে উন্নয়ন পরিলক্ষিত হচ্ছে। আমরা বিশ্বাস করি তার নেতৃত্বে নগরবাসী উন্নয়নের সুফল ভোগ করবে। বাঘমারা পানির টেংকিটি কিছুদিন ধাবত নষ্ট আছে, পানির টেংকি দীর্ঘদিন ধাবত পরিষ্কার করা হয় না পানিতে কাদা জমে আছে। পানি পান করে যে কোন সময় পানি বাহিত রোগ হতে পারে। তাই পনির টেংকি দ্রুত সময়ের মধ্যে পরিষ্কারের ব্যবস্থা গ্রহণের দাবি জানান। তিনি আরো জানান যে, শহরের গুরুত্বপূর্ণ মোড়গুলি যদি আমরা প্রশস্ত করতে পারি তাহলে যানজট কিছুটা হলেও হ্রাস পাবে। মেডিকেল গেইট এর রাস্তা প্রশস্তের কাজ চলছে। যদি আমরা এভাবে কাজ করতে পারি তাহলে যানজট সহনীয় পর্যায়ে চলে আসবে।

সভাপতি মহোদয় বলেন যে, উন্নয়নের ব্যপারে জনগনের মাঝে অনেক প্রত্যাশা রয়েছে। এ পরিষদের শপথ নেয়ার পরে মাত্র ০৬ (ছয়) মাস অতিবাহিত হয়েছে। তিনি মানুষের প্রত্যাশা পূর্বনে সকলকে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ লক্ষ্যে তিনি সম্মানিত কাউপিলরদের উদ্দেশ্যে বলেন, এলাকা ভিত্তিক জনগুরুত্বপূর্ণ প্রকল্প তালিকা করে দাখিল করা হলে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়ন করা হবে। এ জন্য তিনি সকলকে সার্বিক সহযোগিতার জন্য আহবান জানান। সিটি কর্পোরেশনের ঠিকাদার যাতে নিয়ম মেনে কাজ করে, সেজন্য সম্মানিত কাউপিলরদেরকে কাজ পরিদর্শনের জন্য তিনি অনুরোধ করেন। তিনি কাজের মান নিশ্চিত করার ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি গ্রহণের জন্য সকলের প্রতি আহ্বান জানান। যানজট নিরসনের লক্ষ্যে তিনি বলেন যে, অটো রিক্সা মনিটরিং টিমকে পুলিশের সহযোগিতা নিয়ে আরো কঠোরভাবে দায়িত্ব পালন করতে হবে। তিনি শহরের মোড়গুলি প্রস্তুত করার লক্ষ্যে পরিমাপ করে বাস্তব অবস্থার প্রতিবেদন দেয়ার জন্য তত্ত্ববধায়ক প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।



	সিটি কর্পোরেশনের আয় ব্যয় সম্পর্কিত আলোচনা- হিসাব বিভাগ	হিসাব বিভাগ সম্পর্কিত আলোচনাতে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মসিক সভায় সিটি কর্পোরেশনের গত ৪(চার) মাসের মাসিক আয়-ব্যয় সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাতে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটি কর্পোরেশনের গত ০৪ (চার) মাসের মাসিক আয় ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী পরিষদের সভায় সর্বসম্মতি অন্মে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মসিক
৫.	রাজস্ব বিভাগ- এসেমেন্ট সম্পর্কিত আলোচনা	এসেমেন্ট সম্পর্কিত আলোচনায় প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিক সভায় জনান যে, বর্ধিত ১২ (বার)টি ওয়ার্ডে সাধারণ এসেমেন্ট কার্যক্রম পরিচালনা সম্পন্ন হয়েছে। এখন পুরাতন ২১ (একুশ) টি ওয়ার্ডে নতুন করে সাধারণ এসেমেন্ট কার্যক্রম পরিচালনা করা হবে। তিনি এসেসমেন্ট কার্যক্রমে সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। সম্মানিত কাউপিলার জনাব মোঃ ফারুক হাসান, ৮নং ওয়ার্ড সভায় জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্ধিত ২১টি ওয়ার্ডে এসেসমেন্ট কার্যক্রম শুরু হবে। এসেসমেন্ট সঠিক ভাবে বাস্তবায়ন না হলে সিটি কর্পোরেশন রাজস্ব থেকে বর্ষিত হবে। তাই এসেসমেন্ট কার্যক্রম বিশেষভাবে মনিটরিং প্রয়োজন। কেউ যেন অনেতিক সুবিধা প্রাপ্ত করে রাজস্ব কার্যক্রমকে প্রশংসিত করতে না পারে সে জন্য কঠোর নজরদারির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রমের জন্য মাননীয় মেয়ার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।  সভাপতি মহোদয় এসেসমেন্ট কার্যক্রম সঠিকভাবে এবং নিয়ম অনুসারে পরিচালনা করা এবং কেউ যেন অনেতিক সুবিধা প্রাপ্ত করে রাজস্ব কার্যক্রমকে প্রশংসিত করতে না পারে সে জন্য কঠোর নজরদারির নির্দেশনা প্রদান করেন।	এসেসমেন্ট কার্যক্রম সঠিকভাবে এবং নিয়ম অনুসারে পরিচালনা করা এবং কেউ যেন অনেতিক সুবিধা প্রাপ্ত করে রাজস্ব কার্যক্রমকে প্রশংসিত করতে না পারে সে জন্য কঠোর নজরদারির সিদ্ধান্ত গৃহীত হয়।	সম্মানিত কাউপিলার, সচিব, মসিক
৬.	স্বাস্থ্য ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ	স্বাস্থ্য ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কিত আলোচনায় প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, মসিক জানান যে, মেয়ার মহোদয়ের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিভাগের নিয়মিত কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। এছাড়াও নিয়মিত মশক নিধন এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে মুজিববর্ষ পালন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ হতে পরিচ্ছন্ন ধার্ম পরিচ্ছন্ন শহর গড়ার লক্ষ্যে নির্দেশনা প্রাপ্ত যাই গিয়েছে। নির্দেশনা মোতাবেক অত্র সিটি কর্পোরেশনে বছর ব্যাপী ওয়ার্ড ডিপ্টি কর্মপরিকল্পনা প্রাপ্ত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হচ্ছে।  সভাপতি মহোদয় ময়মনসিংহ সিটি কর্পোরেশনে স্বাস্থ্য ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের নিয়মিত কার্যক্রম সঠিক ভাবে পরিচালনাসহ নিয়মিত মশক নিধন এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রাখাসহ পরিচ্ছন্ন ধার্ম পরিচ্ছন্ন শহর গড়ার লক্ষ্যে সম্মানিত কাউপিলরগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন।	স্বাস্থ্য ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের নিয়মিত কার্যক্রম সঠিক ভাবে পরিচালনাসহ নিয়মিত মশক নিধন এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রাখাসহ রাখাসহ পরিচ্ছন্ন ধার্ম পরিচ্ছন্ন শহর গড়ার প্রয়োজনীয় কার্যক্রম প্রাপ্ত সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সম্মানিত কাউপিলর/প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, মসিক
৭.	সিটি কর্পোরেশনের ৫ (পাঁচ) টি সেবা অনলাইনে প্রদান সম্পর্কিত আলোচনা	সভাপতি মহোদয় বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ১৭ই মার্চ ২০২০ শুরু হয়ে ১৭ই মার্চ ২০২১ খ্রিঃ শেষ হবে। মাননীয় প্রধানমন্ত্রী এই সময়কে মুজিববর্ষ ২০২০ হিসেবে ঘোষনা করেছেন। যথাযোগ্য মর্যাদায় এবং স্বতৎসুর্দ্ধতার মধ্যে বছরব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর এই উৎসব পালিত হবে। মুজিববর্ষকে কেন্দ্র করে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রস্তুত করে আওতায় ডিজিটাল চিন্তিকান্তিক হয়েছে। কর্মপরিকল্পনার অংশ তিসাবে ডিজিটাল	মুজিববর্ষকে কেন্দ্র করে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার অংশ হিসাবে ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নেন্ট মাস্টারপ্লেন শীর্ষক প্রকল্পের আওতায় ডিজিটাল চিন্তিকান্তিক	প্রানিক/সচিব

	<p>বাংলাদেশের জন্য ই-গর্ভমেন্ট মাস্টারপ্লেন শীর্ষক প্রকল্পের আওতায় ডিজিটাল মিউনিসিপালিটি/সিটি কর্পোরেশন সার্ভিস সিলেক্ট পাইলট প্রকল্পের আওতায় ৫টি সেবা সিটি কর্পোরেশনের নাগরিকগণকে অনলাইনে প্রদান করা হবে। অনলাইনে প্রদানকৃত সেবা সমূহ হচ্ছে</p> <p>(১) সার্টিফিকেট (চারিত্রিক, নাগরিকত্ব, বৈবাহিক, ওয়ারিশান, বার্ষিক আয়ের সনদ, ভূমিহীন সনদ অন্যান (২) ট্রেড লাইসেন্স (৩) হোল্ডিং ট্যাক্স (৪) প্রোপার্টি ম্যানেজমেন্ট (৫) পানির বিল এই পাঁচটি সেবা অনলাইনে প্রদানের ফলে নাগরিকগণ ঘরে বসেই তাদের কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে পারবে। এতে করে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি মানসম্মত সেবা প্রদান সম্ভব হবে।</p> <p>বিস্তারিত আলোচনাতে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>কর্পোরেশন সার্ভিস সিলেক্ট পাইলট প্রকল্পের আওতায়</p> <p>(১) সার্টিফিকেট (চারিত্রিক, নাগরিকত্ব, বৈবাহিক, ওয়ারিশান, বার্ষিক আয়ের সনদ, ভূমিহীন সনদ অন্যান (২) ট্রেড লাইসেন্স (৩) হোল্ডিং ট্যাক্স (৪) প্রোপার্টি ম্যানেজমেন্ট (৫) পানির বিল এই ৫টি সেবা অনলাইনে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	
৮.	<p>সিটি কর্পোরেশনের প্রশাসনিক কার্যক্রম পরিচালনার স্বার্থে সিটি কর্পোরেশনকে ৩(তিনি) টি অধ্যলে বিভক্তিকরণ সম্পর্কিত আলোচনা</p>	<p>প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিক সভায় জানান যে, গত ১৪.১০.২০১৮ইং তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ময়মনসিংহ পৌরসভাকে ময়মনসিংহ সিটি কর্পোরেশনে উন্নিত করা হয়েছে। ইতিমধ্যে অঞ্চ সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামো প্রস্তুত করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সিটি কর্পোরেশনের ৩৩ (তেত্রিশ) টি ওয়ার্ডকে তৃতী অধ্যলের মাধ্যমে প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ও নাগরিক সেবা প্রদানের সুবিধার্থে ওয়ার্ডগুলিকে ৩টি অধ্যলে বিভক্ত করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনায় সম্মানিত সকল কাউন্সিলর মাননীয় মেয়ার মহোদয়কে কার্যকরি পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ও নাগরিক সেবা প্রদানের সুবিধার্থে ওয়ার্ডগুলিকে ৩টি অধ্যলে বিভক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
৯.	<p>নাগরিক সেবা বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন কার্যক্রম সম্পর্কিত আলোচনা</p>	<p>সম্মানিত কাউন্সিলর জনাব সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু, ৬নং ওয়ার্ড বলেন যে, মাননীয় মেয়ার মহোদয়ের নেতৃত্বে নতুন বছর ২০২০ সালে আমরা সঠিক সময়ে ভালভাবে কাজ করতে আঙ্গীকারিবদ্ধ। কাজের মাধ্যমে জনগনের প্রত্যাশা পূরণে সকলকে ঐক্যবন্ধভাবে সিটি কর্পোরেশনের জন্য কাজ করার জন্য তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরোও বলেন যে, ইতিমধ্যে ১০০ কোটি টাকার প্রকল্প অনুমোদন হয়েছে। উল্লেখিত টাকার কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন হলে সিটি কর্পোরেশনের ভাবমূর্তি উজ্জ্বল হবে। তিনি নতুন বছরে নগরীর উন্নততর জীবন ব্যবস্থা, আলোকিত নগরী গড়ার আহ্বান জানিয়ে মেয়ার মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।</p> <p>সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ফজলুল হক, ১৪নং ওয়ার্ড সভায় বলেন যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান। শীতের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় এবং প্রচল শৈত্যপ্রবাহের কারনে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত গরীব অসহায় দুষ্টদের মাঝে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্দেয়গে শীতবন্ধ কম্বল বিতরণ করা প্রয়োজন। তিনি দ্রুত কম্বল সরবরাহের জন্য মেয়ার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব ফরহাদ আলম, ১১নং ওয়ার্ড সভায় বলেন যে, শহরে রিক্সা ভাড়া বেশী এবং রাস্তা ব্যবহার করে নির্মাণ সামগ্রী রেখে ভবন নির্মাণ করা হচ্ছে। শহরে ধুলি বালি, কাদা পানির কারনে বসবাস করা কঠিন হয়ে পড়ছে। দ্রুত এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।</p> <p>নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ রাজীব-উল-আহসান সভায় বলেন যে, তিনি ২১ নভেম্বর ২০১৯ তারিখ থেকে ভাস্তুমান আদালত</p>	<p>প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ও নাগরিক সেবা প্রদানের সুবিধার্থে ওয়ার্ডগুলিকে ৩টি অধ্যলে বিভক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ও নাগরিক সেবা প্রদানের সুবিধার্থে ওয়ার্ডগুলিকে ৩টি অধ্যলে বিভক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

	<p>পরিচালনার কাজ শুরু করেছেন। ১ম দফায় রাস্তার উপর নির্মাণ সামগ্রী অপসারণ এবং ২য় দফায় ফুটপাথ অবৈধ দখলমুক্ত করার লক্ষ্যে কাজ করছেন। অভিযান পরিচালনার মাধ্যমে জরিমানা করার ফলে বর্তমানে রাস্তার উপর নির্মান সামগ্রী যত্নত্ব ব্যবহার অনেকটাই কমে আসছে। তিনি বলেন যে, ঠিকাদার কর্তৃক তাদের নির্মাণ সমাগ্রী রাস্তায় যত্নত্ব ফেলে রাখা হয়। এ বিষয়ে তিনি মাননীয় মেয়ার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>সভাপতি মহোদয় সভায় বলেন যে, কাদা মাটি, পানি, নির্মাণ সামগ্রীর যত্নত্ব থাকার কারণে পরিবেশের ব্যাপক দূষণ হচ্ছে। তাই রাস্তাঘাট ধানজটমুক্ত এবং পরিবেশ দুষ্যনমুক্ত করার লক্ষ্যে নির্মাণ সামগ্রী যাতে রাস্তার উপর না থাকে, তার জন্য প্রয়োজনে দু-বেলা অভিযান পরিচালনা করতে হবে। রাস্তা উন্নয়নে ঠিকাদারের নির্মাণ সামগ্রী ব্যবহার প্রসঙ্গে বলেন যে, ঠিকাদারকে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের রাস্তা নির্মাণ কাজে নির্মাণ সামগ্রী ব্যবহার করা হচ্ছে মর্মে সাইন বোর্ড তৈরী করে ব্যবহারের কথা বলেন এবং অবৈধ নির্মাণ কাজ চিহ্নিত করে এবং তালিকা তৈরী করে প্রত্যেক সভায় উপস্থাপনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।</p>	<p>পরিচালনার সিদ্ধান্ত হয়।</p> <p>মসিক</p>
৯.	<p>বিবিধ</p> <p>প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিক সভায় রাস্তা নামকরনের প্রাঞ্চ আবেদনগুলি উপস্থাপন করেন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় বলেন যে, সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তার নামকরনের ব্যাপারে বীরমুক্তযোদ্ধা, শহীদ পরিবার এবং দেশের জন্য, সমাজ ও জাতির জন্য, ময়মনসিংহের জন্য কাজ করছে এই সব ব্যক্তির নামে নামকরনের লক্ষ্যে কমিটি গঠন করা হবে। সম্মানিত কাউন্সিলরগণকে উক্ত কমিটির সাথে আলোচনা করে পরিষদের সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>সম্মানিত সংরক্ষিত আসনের কাউন্সিলর জনাব হামিদা পারভীন, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড সভায় জানান যে, অনেকেই সিটি কর্পোরেশনের সম্পত্তি ব্যবহার করছে কিন্তু ভাড়া দিচ্ছে না। তাদের তালিকা তৈরী করে ভাড়া আদায়ের ব্যবস্থা গ্রহনের জন্য মেয়ার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব হামিদা পারভীন যে, ওয়ার্ডে কিছু ছেট খাট কাজ থাকে যা জরুরী ভিত্তিতে করতে হয় কিন্তু টেক্নোর জটিলতায় তা সম্ভব হয় না। এ ব্যাপারে মেয়ার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর জনাব মাহবুবুর রহমান দুলাল, ৪ নং ওয়ার্ড বলেন যে, বিলুপ্ত পৌরসভার সংরক্ষিত আসনের সাবেক মহিলা কাউন্সিলর জনাব নুরজাহান বেগম জোম্বা এবং সাবেক কমিশনার জনাব নজরুল ইসলাম দুলাল রেগে আক্রান্ত। চিকিৎসার জন্য প্রচুর টাকার প্রয়োজন বিধায় চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতা চেয়ে মেয়ার মহোদয় বরাবর আবেদন করেছেন। তিনি উক্ত আবেদনগুলি মানবিক দিক বিবেচনা করে চিকিৎসা খরচ মিটানোর জন্য আর্থিক সাহায্য প্রদানের অনুরোধ করেন। আবেদন সদয় বিবেচনার জন্য সকলেই একমত পোধন করেন।</p> <p>সভাপতি মহোদয়, বিলুপ্ত পৌরসভার সাবেক কমিশনার জনাব মোঃ নজরুল ইসলাম দুলাল এবং ৪, ৫, ৬নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের সাবেক কাউন্সিলর জনাব নুরজাহান বেগম জোম্বা এর আবেদন মানবিক দিক বিবেচনা করে ২ জনের প্রত্যেককেই (বিশ হাজার) টাকা করে</p>	<p>৩) অবৈধ নির্মাণ কাজ চিহ্নিত করে এবং তালিকা তৈরী করে পরিষদের প্রত্যেক মসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।</p> <p>৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মসিক</p>
	<p>১) বীরমুক্তযোদ্ধা, শহীদ পরিবার এবং দেশের জন্য, সমাজ ও জাতির জন্য, ময়মনসিংহের জন্য কাজ করছে এই সব ব্যক্তির নামে রাস্তা নাম করনের লক্ষ্যে কমিটি গঠন করা হবে। সম্মানিত কাউন্সিলরগণকে উক্ত কমিটির সাথে আলোচনা করে পরিষদের সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১) সচিব, মসিক</p>	
	<p>২) যারা সিটি কর্পোরেশনের সম্পত্তি ব্যবহার করছে অথচ ভাড়া দিচ্ছে না তাদের তালিকা করে পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২) সচিব, মসিক</p>	
	<p>৩) বিলুপ্ত পৌরসভার সাবেক কমিশনার জনাব মোঃ নজরুল ইসলাম দুলাল এবং ৪, ৫, ৬নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের সাবেক কাউন্সিলর জনাব নুরজাহান বেগম জোম্বা এর চিকিৎসার জন্য ২ জনের প্রত্যেককেই (বিশ হাজার) টাকা করে</p> <p>৩) সচিব, মসিক</p>	

	চিকিৎসার জন্য অতি সিটি কর্পোরেশন হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে অনুদান প্রদানের নির্দেশ প্রদান করেন।	আর্থিক অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
--	---	--	--

পরিশেষে, সভাপতি মহোদয় নাগরিকদের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা ও সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইকবাল হক্কি চৌধুরী)

মেয়ার

ময়মনসিংহ সিটি কর্পোরেশন

ময়মনসিংহ।

ফোনঃ-০৯১-৬৬৭৩৯(অফিস)

তারিখ :

স্মারক নং: মসিক/প্রশা/সাধা/২০১৯-২৮৮

#### অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

#### অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

১। সম্মানিত কাউপিলর/সংরক্ষিত আসনের কাউপিলর, (সকল) ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

২। সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

৩। বিভাগীয় প্রধান (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

৪। শাখা প্রধান (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

৫। সংশ্লিষ্ট নথি।

৬। অফিস কপি।

১০.১২.২০১৯

(মোহাম্মদ আনোয়ার হোসেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ময়মনসিংহ সিটি কর্পোরেশন

ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৭৪৪৬(অফিস)

E-mail : [ceo.mcc2018@gmail.com](mailto:ceo.mcc2018@gmail.com)

## পরিশিষ্ট-“ক”

ଗ୍ରାୟ ଉପସ୍ଥିତ ସନ୍ଦସ୍ୟବୁନ୍ଦଃ (ସ୍ଵାକ୍ଷରେର କ୍ରମାନୁସାରେ ନହେ)-



## সভায় অনুপস্থিত সদস্যবন্দঃ

- জনাব মোঃ সিরাজুল্ল ইসলাম, কাউপিলর, ২০ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
  - জনাব মোঃ মোস্তফা ফারুক, কাউপিলর, ২১ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
  - জনাব মোঃ আসাদুজ্জামান, কাউপিলর, ৩১ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।